সংবাদ

তারিখ 31 JUL 2005
পৃষ্ঠা ৭ কলাম ৮

# শিক্ষা ক্ষেত্রের সমস্যা সমাধানে ঐক্যবদ্ধ শিক্ষক আন্দোলন চাই : ঐক্য পরিষদ

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের মতবিনিময় সভায় শিক্ষক-কর্মচারীদের বহুবিধ সমস্যা, অন্যায়ভাবে শিক্ষা প্রতিষ্ঠানে বেতন ভাতা বন্ধ করে দেয়া, উদ্দেশ্যমূলক হয়রানি-নির্যাতন, টাইমস্কেল বন্ধ করে দেয়া, নামমাত্র বাড়িভাড়া, চিকিৎসা ভাতা প্রদান, নির্বাচনী ওয়াদা ১০% প্রদানে সরকারি টালবাহানা, শিক্ষা বিভাগের দুর্নীতি, হয়রানি ইত্যাদির নিরসনে সারাদেশে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ঐক্যবদ্ধ দৃঢ় আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত শুক্রবার এ পরিষদের সারাদেশের জেলা পর্যায়ের নেতাদের সঙ্গে মতবিনিময় সভা ২১/২, পুরানা পল্টন, মনি সিংহ-ফরহাদ স্মৃতি ট্রাস্ট ভবনের শহীদ তাজুল ইসলাম মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ঐক্য পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী, ড. ম আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী, মো. শাহজাহান আলম সাজু প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।